

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 24.03.24**

**Time: 7.35 A.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

- ১) গার্ডেনরিচে বহুতল ভেঙে পড়ার ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ১২। ঘটনার তদন্তে সাত সদস্যের কমিটি গঠন করেছে কলকাতা পুরসভা।
- ২) নির্বাচন কমিশন, দ্রুততার সঙ্গে আদর্শ আচরণ বিধি লঙ্ঘন সহ জমা পড়া বিভিন্ন অভিযোগের সমাধান করছে।
- ৩) এ রাজ্যে তাদের তৃতীয় প্রার্থী তালিকা ঘোষণা করেছে বামফ্রন্ট।
- ৪) টাকার বিনিময়ের প্রশ্ন ইস্যুতে তৃণমূল কংগ্রেস নেত্রী মল্লিকা মিত্রের আলিপুর এবং করিমপুরের বাড়িতে তল্লাশি চালিয়েছে সিবিআই।
- ৫) গ্রীষ্মের মরশুমে হাসপাতালে অগ্নিকাণ্ড রুখতে স্বাস্থ্য মন্ত্রক সবকটি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলকে চিঠি দিয়েছে।
- ৬) আইপিএল ক্রিকেটে কলকাতার ইডেন গার্ডেন্সে উত্তেজনাপূর্ণ ম্যাচে কলকাতা নাইট রাইডার্স সানরাইজার্স হায়দ্রাবাদকে হারিয়ে দিয়েছে।

গার্ডেনরিচে বহুতল ভেঙে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ১২। গতকাল এসএসকেএম হাসপাতালে চিকিৎসাধীন জখম এক মহিলার মৃত্যু হয়। মারিয়াম বিবি নামে ঐ মহিলাকে ধ্বংসস্থল সরিয়ে উদ্ধার করা হয়েছিল।


এদিকে, গার্ডেনরিচে নির্মীয়মান বহুতল ভেঙে বেশ কয়েক জনের মৃত্যুর ঘটনায় সাত সদস্যের এক তদন্ত কমিটি গঠন করেছে কলকাতা পুরসভা। রাজ্যের পুর ও নগর উন্নয়ন মন্ত্রী তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিমের নির্দেশে গঠিত এই তদন্ত কমিটির চেয়ারম্যান হয়েছেন কলকাতা পুরসভার যুগ্ম কমিশনার। কমিটিতে থাকছেন কলকাতা পুরসভার ডিরেক্টর জেনারেল সিভিল, কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিভাগের চিফ ইঞ্জিনিয়ার, পরিবেশ বিভাগের ডিরেক্টর জেনারেল, কলকাতা পুলিশের এক শীর্ষ কর্তা। ৭ দিনের মধ্যে এই তদন্ত কমিটি গার্ডেনরিচ এর ঘটনার রিপোর্ট মেয়রের কাছে জমা দেবে। বেআইনি নির্মাণের জমি কার নামে ছিল, কোন হস্তান্তর হয়েছে কিনা, কোন বিল্ডিং প্ল্যান ছিল কিনা প্রভৃতি বিষয়গুলো তদন্ত কমিটি দেখবে।

কলকাতার গার্ডেনরিচে ভেঙে পড়া বহুতলের কাছেই কিছুটা হেলে যাওয়া আরও একটি বহুতলের বিপজ্জনক অংশ ভেঙে ফেলার জন্য নোটিশ পাঠিয়েছে কলকাতা পুরসভা। পাহাড়পুর রোডে ঐ বাড়িটির নম্বর জে ৪৭৪। রাজকুমার সিং নামে এক ব্যক্তি ঐ বাড়ির মালিক। গার্ডেনরিচের আজহারমোল্লা বাগানের নির্মায়মীন বাড়িটি ভেঙে পড়ার পর এই বাড়িটির ওপর নজর পড়ে। বিপজ্জনকভাবে হেলে পড়া বাড়িটি পাশের বাড়ির দেওয়াল ভেঙে ঢুকে পড়েছে। আগামী ২৮ শে মার্চ পুরসভার আধিকারিকরা সেই বাড়িটি পরিদর্শনে যাবেন।



লোকসভার নির্ঘণ্ট ঘোষণা হওয়ার আগে থেকে নির্বাচন কমিশনের কাছে আদর্শ আচরণ বিধি লঙ্ঘন সহ একাধিক অভিযোগ জমা পড়েছে। পয়লা মার্চ থেকে অভিযোগ নেওয়া শুরু করেছে কমিশন। এখনও পর্যন্ত সিভিলজিল অ্যাপে ৬৯৬ টি অভিযোগ জমা পড়েছে। তার মধ্যে ৫৬৫ টি ক্ষেত্রে ব্যবস্থা নেওয়া হয়েছে বলে জানিয়েছে নির্বাচন কমিশন। নগদ টাকা থেকে শুরু করে গয়না-সহ একাধিক জিনিস বাজেয়াপ্ত করা হয়েছে একাধিক এলাকা থেকে। ৫ কোটি টাকার বেশি অর্থ বাজেয়াপ্ত করেছে কমিশন। প্রায় ২৬ কোটি টাকার মদ, ১৩ কোটি টাকার মাদক বাজেয়াপ্ত করা হয়েছে। গয়না সহ বিভিন্ন সামগ্রী বাজেয়াপ্ত হয়েছে প্রায় ২০ কোটি টাকার।

অন্যদিকে, শুরু হয়েছে মনোনয়ন পত্র পেশ। এখনও পর্যন্ত কোচবিহার ৪ টি, আলিপুরদুয়ার ও জলপাইগুড়িতে ৩ টি মনোনয়ন পেশ করা হয়েছে বলে জানানো হয়েছে কমিশনের তরফে।



অষ্টাদশ লোকসভা নির্বাচনে বামফ্রন্ট আজ এরাড্যে তাদের তৃতীয় প্রার্থী তালিকা প্রকাশ করেছে। কলকাতায় আজ রাজ্য বামফ্রন্টের বৈঠকের পর ফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু এই তালিকা প্রকাশ করেন। ফ্রন্টের তৃতীয় প্রার্থী তালিকায় চারজন প্রার্থীর নাম ঘোষণা করা হয়েছে। তাঁরা প্রত্যেকেই সিপিআইএম এর। যেখানে দুজন প্রাক্তন সাংসদ, ও দুজন নতুন মুখ। মুর্শিদাবাদ কেন্দ্রের প্রার্থী হয়েছেন সিপিআইএম এর রাজ্য সম্পাদক ও প্রাক্তন সাংসদ মোহাম্মদ সেলিম, রানাঘাট কেন্দ্রের প্রার্থী হয়েছেন প্রাক্তন সাংসদ অলকেশ দাস, বর্ধমান - দুর্গাপুর কেন্দ্রে ডক্টর সুকৃতি ঘোষাল, এবং বোলপুর কেন্দ্রের প্রার্থী হচ্ছেন প্রাক্তন বিধায়ক শ্যামলী প্রধান। অন্যান্য আসনের প্রার্থী ঘোষণার জন্য

এখন আলাপ আলোচনা চলছে। কিছুদিনের মধ্যেই তা প্রকাশ করা হবে বলে বিমান বাবু জানান।

## বাইট

ISF এর সঙ্গে এখনও আসন সমঝোতা নিয়ে কোনো বোঝাপড়া হয় নি বলেও বিমান বাবু জানান।

দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল এর গ্রেফতারি গণতন্ত্রের ওপর আঘাত বলেন বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু মন্তব্য করেছেন। গতকাল দলের প্রার্থী তালিকা প্রকাশের জন্য সাংবাদিকদের কাছে তিনি বলেন, "এই পদক্ষেপের মধ্যে দিয়ে স্বৈরাচারী প্রবণতা প্রকাশ পাচ্ছে। নির্বাচনী বিধি ঘোষণা হওয়ার পর কোন রাজ্যের মুখ্যমন্ত্রীকে গ্রেফতার করলে প্রশাসনিক কাজ ক্ষতিগ্রস্ত হয় বলে তিনি অভিযোগ করেন।

রাজ্যপাল সি ভি আনন্দ বোস অবৈধভাবে নির্বাচনের কাজে হস্তক্ষেপের চেষ্টা করছেন, তৃণমূল কংগ্রেসের এই অভিযোগের প্রেক্ষিতে রাজ্যপাল গতকাল পাল্টা নির্বাচন কমিশনকে চিঠি দিয়েছেন। একইসঙ্গে রাজ্যপালের একটি ভিডিও বার্তাও রাজভবন থেকে প্রকাশিত হয়েছে। সেই বার্তায় রাজ্যপাল জানিয়েছেন, পঞ্চায়েত ভোটে রাজ্যে হিংসা ও ভয়ের পরিস্থিতি তৈরি হয়েছিল। লোকসভা নির্বাচনে তার পুনরাবৃত্তি ঠেকাতে তিনি সচেষ্ট হয়েছেন। নতুন একটি ইমেইল আইডি খুলে তিনি সরাসরি মানুষের সঙ্গে যোগাযোগ গড়ে তুলে ভয় ভীতি কাটানোর চেষ্টা করছেন। তিনি কোনোভাবেই নির্বাচনী প্রক্রিয়ায় হস্তক্ষেপ করছেন না বলেও রাজ্যপাল স্পষ্ট জানিয়েছেন।

দলের ড্রপ বক্সে কে বা কারা টাকা দিয়েছে কেন্দ্রীয় সরকারের নয়া আইনের জন্যই তা জানা সম্ভব নয় বলে তৃণমূল কংগ্রেস জানিয়েছে। দলের নেতা কুনাল ঘোষ তৃণমূল ভবনে আয়োজিত এক সাংবাদিক বৈঠকে বলেন, দলের সদর কার্যালয়ে যে ড্রপ বক্স রাখা হয়েছে, বন্ড কেনার জন্য সেখানে যারা টাকা দিয়েছেন নিয়ম মেনে নামের পরিবর্তে তারা আলফা নিউমোরিক কোড ব্যবহার করায় দাতার নাম বা ঠিকানা জানা সম্ভব নয়।

উল্লেখ্য, সুপ্রীম কোর্টের নির্দেশ মেনে স্টেট ব্যাংক অফ ইন্ডিয়ার তথ্য অনুযায়ী তৃণমূল কংগ্রেস নির্বাচনী বন্ড থেকে এক হাজার ৩৯৭ কোটি টাকা তুলেছে। যেটা দেশের মধ্যে দ্বিতীয়।

গ্রীষ্মের মরশুমে হাসপাতালে অগ্নিকান্ড রুখতে স্বাস্থ্য মন্ত্রক সবকটি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলকে চিঠি দিয়েছে। মুখ্য সচিবদের পাঠানো চিঠিতে অবিলম্বে অগ্নিকান্ড রুখতে পদক্ষেপ করতে বলা হয়েছে। কেন্দ্রীয় স্বাস্থ্য সচিব অপূর্ব চন্দ্র বলেন, গ্রীষ্মকালে তাপমাত্রা উর্দ্ধমুখী হওয়ার প্রেক্ষিতে অগ্নিকান্ডের আশঙ্কা বাড়ে। তিনি রাজ্য স্বাস্থ্য দপ্তরগুলি এবং রাজ্য বিপর্যয় মোকাবিলা বাহিনী SDRF এর মধ্যে সমন্বয় রক্ষা করে কাজ করার উপর জোর দিয়েছেন। হাসপাতালাগুলিকে নিয়মিত অগ্নিনির্বাপন ব্যবস্থা পরীক্ষা করে দেখতে বলেছেন তিনি।

সংসদে টাকার বিনিময়ে প্রশ্ন তোলার অভিযোগে সিবিআই গতকাল তৃণমূল কংগ্রেস নেত্রী প্রাক্তন সাংসদ মল্লয়া মৈত্রের কলকাতার আলিপুরের ফ্ল্যাট সহ বিভিন্ন জায়গায় তল্লাশি চালায়। আলিপুরের রত্নাবলী আবাসানে ৯ তলার ওই ফ্ল্যাটটি অবশ্য মল্লয়ার বাবা দীপেন্দ্রলাল মৈত্রের নামে। প্রায় ঘন্টা সাতেক তল্লাশি চলে।

তবে কিছু পাওয়া গেছে কিনা তা জানা যায়নি।

এদিকে, মল্লয়া মৈত্রের কৃষ্ণনগরের কার্যালয়েও গতকাল হানা দেয় সিবিআই আধিকারিকদের দল। দুপুর তিনটে নাগাদ সিদ্ধেশ্বরী কালী বাড়ির কাছে ওই কার্যালয় পৌঁছন তারা। পরে কার্যালয় সংলগ্ন একটি বাড়িতে যান। প্রায় আড়াই ঘন্টা তল্লাশি চালিয়ে সেখান থেকে বেরিয়ে যায় তদন্তকারী দল। কার্যালয়ের সামনে মোতায়ন ছিল কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা। তল্লাশি চলে করিমপুরে মল্লয়ার ভাড়া বাড়িতেও।

প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী এই তল্লাশি নিয়ে সরব হয়েছেন। বহরমপুরে জেলা কংগ্রেস কার্যালয়ে আজ এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, মল্লয়ার বিরুদ্ধে প্রতিহিংসার রাজনীতি করা হচ্ছে।

বাইট

করিমপুরে মল্লয়ার বাড়িতে হানা আসলে এক গভীর ষড়যন্ত্র বলে তৃণমূল কংগ্রেস অভিযোগ করেছে। ভোটের মুখে দলীয় প্রার্থীকে 'পর্যদুষ্ট' করতেই এই কেন্দ্রীয় এজেন্সির ব্যবহার বলে তৃণমূল নেতা কুণাল ঘোষ মন্তব্য করেছেন। তিনি বলেন, ইডির হাতে দিল্লির মুখ্যমন্ত্রীর গ্রেফতারি এবং সিবিআই, ইডি, আয়কর বিভাগকে পশ্চিমবঙ্গের তৃণমূল নেতাদের বাড়িতে পাঠিয়ে হেনস্থা থেকে প্রমাণিত হচ্ছে, বিজেপি মরিয়া হয়ে উঠেছে।

বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেন, নিজের সংসদের লগইন আইডি, পাসওয়ার্ড মহুয়া একজন ব্যবসায়ীকে দিয়েছেন। এই অপরাধে তার গ্রেপ্তার হওয়া উচিত।

বাইট

নিয়োগ দুর্নীতির তদন্তে ইডি রাজ্যের মন্ত্রী চন্দ্রনাথ সিংহ-র বোলপুরের বাড়িতে তল্লাশি চালিয়ে নগদ ৪১ লক্ষ টাকা বাজেয়াপ্ত করেছে। বাজেয়াপ্ত হয়েছে বেশকিছু নথিপত্র ও মন্ত্রীর মোবাইল ফোন। ৪ ঘণ্টারও বেশি সময় তল্লাশি চলে রাজ্যের ক্ষুদ্র ও কুটীর শিল্পমন্ত্রীর বাড়িতে।

তবে তদন্তে তিনি সহযোগিতা করেছেন বলে দাবি চন্দ্রনাথ সিনহার।

লোকসভা নির্বাচনে অবৈধ অর্থের ব্যবহার রুখতে আয়কর দফতর একটি ২৪ ঘণ্টার কন্ট্রোল রুম চালু করেছে। আগামী ৪ জুন পর্যন্ত এই কন্ট্রোল রুম সারাদিন খোলা থাকবে। রাজ্যের মানুষ টোল ফ্রি নম্বর বা ল্যান্ড লাইনে ফোন করে অবৈধ অর্থের ব্যবহার সম্পর্কে অভিযোগ জানাতে পারবেন। টোল ফ্রি নম্বর হল, ১৮০০-৩৪৫-৫৫৪৪। দুটি ল্যান্ড লাইনের নম্বর হল, ০৩৩-২২৬২-৮১৫০ এবং ০৩৩-২৪৪১-০৩২৫।

এছাড়া, [snoitwb2024@gmail.com](mailto:snoitwb2024@gmail.com), এই ই-মেলেও অভিযোগ জানানো যাবে।

সন্দেশখালিতে ইডি আধিকারিকদের ওপর হামলার ঘটনায় শেখ শাহজাহানের ভাই সিরাজুদ্দিনকে ফের তলব করেছে ইডি। আগামী ২৭ শে মার্চ তাকে সিজিও কমপ্লেক্সে হাজিরা দিতে বলা হয়েছে।


উল্লেখ্য ৫ই জানুয়ারি রেশন দুর্নীতি কাণ্ডের তদন্তে সন্দেশখালিতে গিয়ে শাহজাহান অনুগামীদের হাতে আক্রান্ত হন, ইডি আধিকারিকরা। এই ঘটনায় শেখ শাহজাহান, তার ভাই আলমগির সহ একাধিক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে সিবিআই।

আগামী সোম এবং মঙ্গলবার দোল ও হোলির দিন শহরে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে কলকাতা পুলিশ কড়া নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে। ওই দুই দিন শহরের বিভিন্ন রাস্তায় প্রায় সাড়ে তিন হাজার পুলিশ কর্মী ছাড়াও কোনরকম দুর্ঘটনা এড়াতে সত্তরটি গঙ্গার ঘাটে বিপর্যয় মোকাবিলা দল মোতায়েন রাখা হবে বলে কলকাতা পুলিশের তরফে বিভিন্ন থানা কে নির্দেশ দেওয়া হয়েছে বলে জানা গিয়েছে। টহলদারি বাইক ছাড়াও সাড়ে তিনশটি পুলিশ পিকেট তৈরি করা হবে। বহুতল বাড়িগুলির উপরে বিশেষ নজরদারির নির্দেশ দেওয়া হয়েছে। এছাড়াও মহিলাদের সুরক্ষায় উইনার্স বাহিনীকেও মোতায়েন করার কথা বলা হয়েছে।

দোলযাত্রা উপলক্ষ্যে আগামীকাল সোমবার পূর্ব রেলের শিয়ালদা ও হাওড়া ডিভিশনের বেশ কিছু EMU লোকাল বাতিল থাকবে। ওই দিন শিয়ালদা ডিভিশনের সব সেকশন মিলিয়ে মোট ২৩৪ এবং হাওড়া ডিভিশনের সব সেকশন মিলিয়ে মোট ৬৫ টি ট্রেন বাতিল থাকবে বলে পূর্ব রেল সূত্রের খবর।



এদিকে, দোলের দিন সোমবার দেহিতে শুরু হবে মেট্রোর পরিষেবা। উত্তর-দক্ষিণ শাখায় ওই দিন প্রথম মেট্রো ছাড়বে দুপুর আড়াইটে নাগাদ। তবে, রাতে শেষ মেট্রোর সময় বদলাচ্ছে না।




মালদার ইংরেজবাজার থানার যদুপুর ১ গ্রাম পঞ্চায়েতের বাইপাস রোড এলাকায় গতরাতে এক মর্মান্তিক পথ দুর্ঘটনায় তিনজনের মৃত্যু হয়েছে। প্রত্যক্ষদর্শীদের অভিযোগ, রাত সাড়ে এগারোটা নাগাদ একটি পেট্রোল গাড়ি লরি অত্যন্ত দ্রুতগতিতে একটি ছোট চার চাকার গাড়িতে ধাক্কা দেয়। গাড়িটি দুমড়ে মুচড়ে গেলে ঘটনাস্থলে মৃত্যু হয়েছে তিনজনের। নিহত লিয়াকত শেখ, একরাম শেখ এবং সঞ্জয় মন্ডল মোথাবাড়ি থানার বিরামপুর এবং ইংরেজবাজারের সাগরদিঘী এলাকার বাসিন্দা। দুর্ঘটনার পর লরি ফেলে পালিয়ে যায় চালক। ইংরেজবাজার থানার পুলিশ লরিটি আটক করেছে। পুরো বিষয়টি নিয়ে তদন্ত শুরু করেছে পুলিশ। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, বাইপাস রোডে অত্যন্ত বেপরোয়া ভাবেই ভারী যানবাহন চলাচল করে। ট্রাফিক মোতায়ন না থাকার কারণে প্রায়ই এই ধরনের দুর্ঘটনা ঘটে।



কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রক প্রস্তাবিত জোকা-বিবাদি বাগ মেট্রো প্রকল্পে পূর্ব পরিকল্পিত এসপ্ল্যান্ড মেট্রো স্টেশন তৈরির জন্য অনুমতি না দেওয়ার প্রকল্প ঘিরে জটিলতা তৈরি হয়েছে। ময়দানের বিধান চন্দ্র রায় মার্কেটের যে অংশে এই স্টেশন তৈরি করার কথা রয়েছে, সেখানে অনুমতি না মেলায় মেট্রো কর্তৃপক্ষ বিকল্প পথ খুঁজছে বলে খবর।

উল্লেখ্য, এই প্রকল্পে এখন জোকা থেকে মাঝেরহাট পর্যন্ত ট্রেন চলাচল করছে।



ইডেনে গতকাল তীব্র উত্তেজনাপূর্ণ আইপিএল ম্যাচে কলকাতা নাইটরাইডার্স ৪ রানে সানরাইজার্স হায়দ্রাবাদকে হারিয়ে দিয়েছে। সানরাইজার্স টসে জিতে কলকাতাকে ব্যাট করতে পাঠায়। কেকেআর নির্ধারিত ২০ ওভারে ৭ উইকেটে ২০৮ রান তোলে। আন্দ্রে রাসেল ৬৪ রানে অপরাধিত থাকেন। ফিল সল্ট করেন ৫৪ রান। হায়দ্রাবাদের হয়ে টি নটরাজন তিনটি ও মায়াঙ্ক মারকাণ্ডে দুটি উইকেট নেন। জয়ের জন্য ২০৯ রানের লক্ষ্য নিয়ে খেলতে নেমে সানরাইজার্স ২০ ওভারে ৭ উইকেট হারিয়ে ২০৪ রান তুলতে সমর্থ হয়। হেনরিক ক্লাসেন ৬৩, অভিষেক শর্মা ও মায়াঙ্ক আগরওয়াল দুজনেই ৩২ রান করেন। কলকাতার হয়ে হর্ষিত রানা তিনটি, আন্দ্রে রাসেল দুটি উইকেট নিয়েছেন। রাসেল ম্যাচের সেরা হয়েছেন।

